

বিজ্ঞপ্তি

নং-৮০.১০৪.০১১.০০.০০.০০৯.২০১৬- ২৩৮

তারিখ : ২০ জুলাই, ২০১৭

বিষয় : অভ্যন্তরীণ সম্পদ বিভাগের অধীন জাতীয় রাজস্ব বোর্ড ও এর আওতাধীন আয়কর, শুল্ক ও মুসক কমিশনারেট সমূহের “সিনিয়র সিস্টেম এনালিস্ট” পদের মৌখিক পরীক্ষার তারিখ, সময়সূচি ও নির্দেশাবলি।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অভ্যন্তরীণ সম্পদ বিভাগের অধীন জাতীয় রাজস্ব বোর্ড ও এর আওতাধীন আয়কর, শুল্ক ও মুসক কমিশনারেট সমূহের “সিনিয়র সিস্টেম এনালিস্ট” পদে আবেদনকৃত সাময়িকভাবে যোগ্য নিম্নে উল্লিখিত রেজিস্ট্রেশন নম্বরধারী প্রার্থীদের মৌখিক পরীক্ষা নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী বাংলাদেশ সরকারী কর্ম কমিশন, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকায় অনুষ্ঠিত হবে :

মৌখিক পরীক্ষার তারিখ ও সময়	প্রার্থীদের রেজিস্ট্রেশন নম্বরসমূহ
২০ আগস্ট, ২০১৭ রবিবার সকাল ১০:৩০টা	০০০০০৪ ০০০০০৬ ০০০০১৬ ০০০০১৭ ০০০০১৯ ০০০০২৩ ০০০০২৫ ০০০০২৭ ০০০০৩২ ০০০০৩৫ ০০০০৪১ ০০০০৪৮ ০০০০৬২ ০০০০৬৭ ০০০০৬৯ ০০০০৭৬ ০০০০৮২ ০০০০৮৪ ০০০০৮৬ ০০০০৯১ ০০০০৯৩ ০০০০৯৪ = ২২ জন।

২. এ পদে প্রার্থীদের আবেদনপত্র অনলাইনে গ্রহণ করা হয়েছে। মৌখিক পরীক্ষার জন্য কোনো প্রবেশপত্র প্রেরণ করা হবে না। প্রবেশপত্র হারিয়ে গেলে/নষ্ট হলে কমিশনের www.bpsc.gov.bd ওয়েবসাইট এবং টেলিটক বাংলাদেশ লিঃ এর <http://bpsc.teletalk.com.bd> ওয়েবসাইট থেকে প্রবেশপত্র ডাউনলোড করে সংগ্রহ করবেন। প্রবেশপত্র ব্যতীত কোনো প্রার্থীকে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে না।

৩. কমিশনের ওয়েবসাইট হতে বিপিএসসি ফরম-৩ ডাউনলোড করে ০১(এক) কপি পূরণপূর্বক শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদসহ প্রয়োজনীয় অন্যান্য কাগজপত্রাদির সত্যায়িত ফটোকপি সংযুক্ত করে মৌখিক পরীক্ষার বোর্ডে অবশ্যই জমা দিতে হবে। জমাদানে ব্যর্থ হলে মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না।

৪. নিম্নলিখিত কাগজপত্র মৌখিক পরীক্ষার অন্তত আধা ঘণ্টা ৩০ (ত্রিশ) মিনিট পূর্বে কমিশনের সংশ্লিষ্ট মৌখিক পরীক্ষার বোর্ডে অবশ্যই দাখিল করতে হবে :

ক. শিক্ষাগত যোগ্যতার সকল মূল/সাময়িক সনদ, অভিজ্ঞতার সনদ;

খ. মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র কন্যাদের পুত্র-কন্যা প্রার্থীদের জন্য পিতা /মাতা /পিতামহ /পিতামহী /মাতামহ/ মাতাহীর মুক্তিযুদ্ধে অংশগ্রহণের প্রমাণস্বরূপ মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ২৬.০২.২০০২ তারিখের মু:বি:মন্ত্র: সনদ- ১/প্র:১/২০০২/০২ নং প্রজ্ঞাপন মোতাবেক মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত মুক্তিযোদ্ধা সনদের মূল সনদপত্র অথবা ১৯৯৭ থেকে ২০০১ সাল পর্যন্ত তৎকালীন মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রতিস্বাক্ষরিত এবং মুক্তিযোদ্ধা সংসদ কর্তৃক ইস্যুকৃত মুক্তিযোদ্ধা সনদ। প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা হলে সে মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর ও পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট। উল্লেখ্য, মুক্তিযোদ্ধা প্রার্থী যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সঠিক সনদপত্র উপস্থাপনে ব্যর্থ হলে মুক্তিযোদ্ধা প্রার্থী হিসেবে প্রার্থিতা বাতিল হবে;

গ. প্রার্থী ক্ষুদ্র-নৃ গোষ্ঠী সম্প্রদায়ভুক্ত হলে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের নিকট হতে প্রাপ্ত সনদ মৌখিক পরীক্ষার বোর্ডে দাখিল করতে হবে;

ঘ. মৌখিক পরীক্ষার পূর্বে কোনো সরকারি/স্বায়ত্তশাসিত/আধা স্বায়ত্তশাসিত/স্থানীয় সরকার সংস্থায় চাকরিতে যোগদান করলে বা চাকরি থেকে ইস্তফা দান করলে বা চাকরি থেকে অপসারিত হলে মৌখিক পরীক্ষার বোর্ডে প্রার্থীকে অবশ্যই সংশ্লিষ্ট নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত ছাড়পত্র/গৃহীত ইস্তফাপত্র/অপসারণ আদেশের মূল কপি;

ঙ. জাতীয় পরিচয়পত্রের কপি;

চ. অনলাইনে আবেদনকৃত Applicants copy।

ক্রমশ/২

৫. কোনো প্রার্থীর ক্ষেত্রে নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত শর্তের গুরুতর (Substantive) ঘাটতি পাওয়া গেলে মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যেকোনো পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে।
৬. মৌখিক পরীক্ষার বোর্ডে উপস্থিত হওয়ার জন্য কোনো প্রকার ভ্রমণভাতা বা অন্য কোনো ভাতা প্রদান করা হবে না।
৭. মৌখিক পরীক্ষার তারিখ কোনোক্রমেই পরিবর্তন করা যাবে না।
৮. মৌখিক পরীক্ষার দিন কমিশন চত্বরে (ক্যান্টিনসহ) প্রার্থীদের জন্য মোবাইল ফোন বা অন্য কোনো প্রকার যোগাযোগ যন্ত্রসহ প্রবেশ এবং ব্যবহার সম্পূর্ণ নিষিদ্ধ ও শাস্তিযোগ্য অপরাধ।
৯. মৌখিক পরীক্ষার দিন কমিশন চত্বরে (ক্যান্টিনসহ) কমিশনের কোনো কর্মকর্তা/কর্মচারীর সাথে আলোচনা বা আলাপচারিতায় মিলিত হওয়া নিষিদ্ধ।
১০. বিজ্ঞপ্তিটি কমিশনের www.bpsc.gov.bd ওয়েবসাইট-এ পাওয়া যাবে।

[পড়াশোনা এবং জ্ঞানার্জনের মাধ্যমে ভালভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশ গ্রহণ করুন।]
[চাকরির ক্ষেত্রে কোনোরূপ তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।]

১৯/১০/১৯৭৭
(শেখ শাখাওয়াৎ হোসেন)
পরীক্ষা নিয়ন্ত্রক (যুগ্ম-সচিব)
(নন-ক্যাডার)
ফোন : ৫৫০০৬৬৫৫